



# বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

Bangabandhu Sheikh Mujib Medical University

শাহবাগ, ঢাকা- ১০০০।

নং-বিএসএমইউ/২০১৮/১২৮৪২

তারিখ : ০৫-১১-২০১৮খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের নিয়োগ সংবিধি অনুযায়ী নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে আবেদন আহবান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীগণ অনলাইনে অথবা সরাসরি আবেদনপত্রের মাধ্যমে (একজন প্রার্থী যেকোন একভাবে) আবেদন করতে পারবেন :

ক্র.নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১.	সিনিয়র স্টাফ নার্স বেতন স্কেল :টাঃ ১৬,০০০-৩৮৬৪০/- গ্রেড-১০	৩০০ (তিনশত)	শিক্ষাগত যোগ্যতা : ১. ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি অথবা বিএসসি ইন নার্সিং ডিগ্রী (বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক রেজিস্টার্ড হতে হবে)।

### শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীগণ আগামী ২৬/১১/২০১৮ খ্রিঃ তারিখ বেলা ২:৩০ ঘটিকার মধ্যে অনলাইনে অথবা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের কক্ষ নং- ১৮ (ব্লক-বি, নীচতলা) এ সরাসরি আবেদনপত্র (তিন সেট) জমা দেয়ার মাধ্যমে আবেদন করতে পারবেন।
- প্রার্থীগণকে পরীক্ষার ফি পূর্ববর্তী ব্যাংক লিমিটেডের যেকোন অনলাইন শাখায় রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে পূর্ববর্তী ব্যাংক লিঃ, শাহবাগ এডিনিউ শাখা, ঢাকার একাউন্ট নম্বর **STD-430** এর বিপরীতে আগামী ০৬/১১/২০১৮ খ্রিঃ তারিখ মঙ্গলবার থেকে ২৫/১১/২০১৮খ্রিঃ তারিখ রবিবার পর্যন্ত ব্যাংক চলাকালীন সময়ের মধ্যে ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিয়ে রশিদের কপি সংগ্রহ করতে হবে। টাকা জমা দেয়ার একদিন পর আবেদনপত্র দাখিল (অনলাইন অথবা সরাসরি) করা যাবে।
- আগামী ২৬/১১/২০১৮ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে ('মুক্তিযোদ্ধা পোষ্য' প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বছরের মধ্যে হতে হবে)।
- আবেদনপত্র পূরণের নিয়ম ও অন্যান্য শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।
- অনলাইনে আবেদন করার সময় প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (২৪০x২৪০ পিক্সেল), স্বাক্ষরের ছবি (৩০০x৮০ পিক্সেল), টাকা জমার ব্যাংক রশিদের কপি এবং 'মুক্তিযোদ্ধা পোষ্য' প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদপত্র আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে Upload করতে হবে। আবেদন করার সময়ে প্রদত্ত Tracking Number এবং প্রার্থীর নির্বাচিত Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে Admit Card প্রিন্ট করাসহ আবেদনপত্র সংক্রান্ত বিভিন্ন প্রয়োজনে এই Tracking Number এবং Password ব্যবহার করতে হবে।
- যে সকল প্রার্থীগণ সরাসরি আবেদনপত্র জমা দেয়ার মাধ্যমে আবেদন করতে ইচ্ছুক, তাঁদেরকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bsmmu.edu.bd) থেকে আবেদনপত্রের নির্ধারিত ফরম ডাউনলোড করে পূরণ করে জমা দেয়ার মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের সাথে সদ্যতোলা তিন কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও নির্দিষ্ট হিসাব নম্বরের অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা জমার ব্যাংক রশিদের কপি সংযুক্ত করতে হবে।
- প্রার্থীগণ আগামী ০৩/১২/২০১৮ খ্রিঃ তারিখ সোমবার থেকে তার মোবাইল ফোনে ইতোমধ্যে প্রাপ্ত Tracking Number এবং Password ব্যবহার করে Admit Card প্রিন্ট করে নিতে পারবেন। এছাড়াও লিখিত ও মৌখিক পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bsmmu.edu.bd), এসএমএস এবং ই-মেইল এর মাধ্যমে জানানো হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকেই কেবলমাত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে।
- প্রার্থীদের প্রাথমিকভাবে কোন সনদপত্র Upload বা দাখিল করতে হবে না, তবে মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সময় আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নলিখিত সনদপত্রসমূহের মূলকপি দেখাতে হবে এবং একসেট ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) অফিসে ব্যবহারের জন্য দাখিল করতে হবে :
  - সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;
  - বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল রেজিস্ট্রেশন সনদ;
  - জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;
  - ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌর সভার চেয়ারম্যান/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
  - চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র; ও
  - 'মুক্তিযোদ্ধা পোষ্য' প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদপত্র।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নির্দিষ্ট সময়সীমার পর প্রাপ্ত আবেদন ও অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও পদসংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(অধ্যাপক এ বি এম আব্দুল হান্নান)

রেজিস্ট্রার